

উপজেলা কৃষি ও সেচ কমিটি সভার কার্যবিবরণী, কেশবপুর, যশোর।

সভাপতিঃ নাসিমা আক্তার সাদেক

মহিলা ভাইস চেয়ারম্যান।

উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

সভার তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ

সময়ঃ বেলা ১১.৩০ মিনিট।


স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর।

উপস্থিতি সদস্যবৃন্দঃ হাজিরা খাতায় সংরক্ষিত।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিব, উপজেলা কৃষি কর্মকর্তা মহোদয়কে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। উপজেলা কৃষি অফিসার বিগত সভার রেজুলেশন সকলের উদ্দেশ্য পাঠ করে শুনান। রেজুলেশনে কোন ধরনের সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতপর অধ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থিত সদস্যদের সুচিন্তিত মতামত ও পরামর্শ আহ্বান করেন।

আলোচ্য বিষয়	বিবরণ	সিদ্ধান্ত/সুপারিশ	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
পেঁয়াজ আবাদ বৃদ্ধির উপর গুরুত্বারোপ	সভাপতি সভাকে জানান যে, বর্তমানে পেঁয়াজের দাম দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে পেঁয়াজের আবাদ বৃদ্ধি করা অত্যন্ত জরুরী।	পেঁয়াজের আবাদ বৃদ্ধির জন্য কমিটি উপজেলা কৃষি অফিসারকে বলেন।	উপজেলা কৃষি অফিসার, কেশবপুর, যশোর।
সরিষা আবাদ বৃদ্ধির উপর গুরুত্বারোপ।	সভাপতি সভাকে জানান যে, বর্তমানে অতিমাত্রায় সয়াবিন তেলের ব্যবহারের কারণে স্বাস্থ্য ঝুঁকি তৈরী হচ্ছে। ফলে সরিষার আবাদ বৃদ্ধি করা অত্যন্ত জরুরী।	সরিষার আবাদ বৃদ্ধির জন্য কমিটি উপজেলা কৃষি অফিসারকে বলেন।	উপজেলা কৃষি অফিসার, কেশবপুর, যশোর।
বোরো আবাদ বৃদ্ধির জন্য দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ	উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, ভবদহ প্রভাবের ফলে প্রতি বছর বোরো আবাদ হ্রাস পাচ্ছে।	বোরো আবাদ বৃদ্ধির জন্য দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত হয়।	উপজেলা কৃষি অফিসার, কেশবপুর, যশোর।

অতএব, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



(নাসিমা আক্তার সাদেক)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।